

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৪.২০১৬-

তারিখঃ-----খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ আব্দুল বাতেন, প্রশিক্ষক ( রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) সমাপ্ত অবশিষ্ট কারিগরি প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, মানিকগঞ্জে কর্মকালীন তার বিরুদ্ধে ০১-৯-২০১৩ খ্রিঃ হতে ৯-১২-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ২ বৎসর ৩ মাস ৮ দিন কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে অত্র দপ্তরের ০৩-৫-২০১৬ খ্রিঃ তারিখের ১২২ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(সি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা চালু করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ৩১-৭-২০১৬ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে প্রদত্ত বক্তব্যের প্রেক্ষিতে আনীত অভিযোগের বিষয়ে বিভাগীয় তদন্তের প্রয়োজন অনুভূত হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত মর্মে উল্লেখ করা হয়;

যেহেতু, তার লিখিত জবাব, নথিপত্র পর্যালোচনা এবং প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত মর্মে উল্লেখ থাকায় অভিযুক্ত-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক চাকুরী হতে বরখাস্তকরণ(উরংসরংধষ ঋৎডুস ঋবৎথরপব) দণ্ড প্রদানের প্রস্তাবপূর্বক ১২-১২-২০১৬ খ্রিঃ তারিখের ৩২২ সংখ্যক স্মারকে ২য় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়। সে প্রেক্ষিতে তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন। উক্ত নোটিশের জবাবে তিনি অপরাধ স্বীকারপূর্বক মামলা থেকে অব্যাহতি চান;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত। অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আব্দুল বাতেন, অননুমোদিত অনুপস্থিতির সময় চিকিৎসাধীন ছিলেন মর্মে ডাক্তারি সনদপত্র/ চিকিৎসাপত্র দাখিল করেছেন। তিনি সমাপ্ত প্রকল্পের একজন কর্মকর্তা, চাকরি এখনও নিয়মিত হয়নি। তাছাড়া তিনি অসুস্থ ছিলেন।

সেহেতু, সার্বিক প্রেক্ষাপট বিবেচনা করে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আব্দুল বাতেন, প্রশিক্ষক(রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়া হলো। একই সাথে ভবিষ্যতে এ ধরনের আচরণের পুনরাবৃত্তি যাতে না ঘটে সেজন্য সতর্ক করা হলো। তার অনুপস্থিতির বিষয়টি ছুটি বিধি অনুযায়ী নিষ্পত্তিযোগ্য।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক  
ফোন-৯৫৫৯৩৮৯।

নং-৩৪.০১.০০০০.০০৭২৭.০১৪.২০১৬- ১০

তারিখঃ ২২-০১-২০১৭ খ্রিঃ।

- অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো
- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মানিকগঞ্জ।
  - ০২। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
  - ০৩। সহকারী পরিচালক(প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
  - ০৪। জনাবঃ মোঃ আব্দুল বাতেন, প্রশিক্ষক( রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং), যুব উন্নয়ন অধিদপ্তর, মানিকগঞ্জ।
  - ০৫। জনাব মোঃ আব্দুল বাতেন, পিতা-মৃতঃ বাচ্চু মিয়া, গ্রাম- ভাসিয়ালী (কৃষ্ণপুর) পোঃ-জান্না, উপজেলা-সাতুরিয়া, জেলা- মানিকগঞ্জ।
  - ০৬। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)  
সহকারী পরিচালক(শৃংখলা)  
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।